## নতুন বিদ্যুৎ সংযোগ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) গত ৪০ বছরেরও অধিক সময় ধরে ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির (পিবিএস) মাধ্যমে লক্ষ লক্ষ গ্রামীণ পরিবার, ব্যবসা প্রতিষ্ঠান এবং শিল্প গ্রাহকদের বিদ্যুৎ দিয়ে সেবা প্রদান করে আসছে।

জনগণের দোর গোড়ায় ও দ্রুততম সময়ের মধ্যে বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড অনলাইনে নতুন সংযোগের জন্য আবেদন গ্রহণ করছে। এই পোর্টালের মাধ্যমে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নতুন বিদ্যুৎ সংযোগের জন্য খুব সহজেই অনলাইনে আবেদন করতে পারবেন ও যেকোনো মুহূর্তে আবেদনটির সর্বশেষ অবস্থা জানতে পারবেন।

**প্রয়োজনীয় তথ্য:**

এই পোর্টালের মাধ্যমে আবেদন করার জন্য প্রয়োজন হবে:

- গুগল ক্রোম, মোজিলা ফায়ারফক্স, ইত্যাদি। (ওয়েব ব্রাউজার)
- ইন্টারনেট সংযোগ।
- প্রয়োজনীয় ডকুমেন্টের স্ক্যানকৃত কপি।
- একটি মোবাইল ফোন নম্বর।
- একটি ই-মেইল আইডি (যদি থাকে)।

## *ধাপে ধাপে আবেদন করার প্রক্রিয়া:*

**ধাপ-১:** আবেদন ফরমটিতে সকল প্রয়োজনীয় তথ্য দিয়ে আবেদনটি সংরক্ষণ করতে হবে।

**ধাপ-২:** ইউজার ড্যাশবোর্ডে লগইন করে ওয়্যারিংয়ের তথ্য ও গ্রাউন্ডিং রড মেমো'র তথ্য প্রদান করতে হবে।

**ধাপ-৩:** পিবিএস ক্যাশ কাউন্টারের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।

**ধাপ-৪:** পিবিএস ক্যাশ কাউন্টারের মাধ্যমে ডিমান্ড নোট ফি প্রদান করতে হবে।

## ধাপ-১: আবেদনের তথ্য সংরক্ষণ

১. প্রথমেই ইন্টারনেট সংযোগ আছে এমন একটি ডিভাইস (ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব ইত্যাদি) ব্যবহার করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর (http://www.reb.gov.bd/) ওয়েব সাইট এ গিয়ে **"অনলাইন বিদ্যুৎ সংযোগ"** লিংক এ ক্লিক করুন, তারপর আপনি নিম্নলিখিত ‘অনলাইন বিদ্যুৎ সংযোগ’ এর হোম পেইজটি দেখতে পাবেন।





চিত্র : হোম পেইজ

২. নতুন সংযোগের আবেদন করার জন্য প্রথমেই হোম পেইজের **আবেদন করুন** বাটন-এ ক্লিক করুন। একটি আবেদনের পেইজ প্রদর্শিত হবে। আবেদন পেইজটি কয়েকটি অংশে বিভক্ত। অংশসমূহ সংকুচিত ও প্রসারিত করা যায়। এজন্য [−] ও [+] আইকনে ক্লিক করতে হবে।




চিত্র : আবেদন পেইজ


- প্রথম অংশে, পল্লী বিদ্যুৎ সমিতি বা পিবিএস এর তথ্য প্রদান করুন।
  - ➢ 'পিবিএস' শীর্ষক ফিল্ডে, ড্রপডাউন থেকে সংযোগস্থল যে পল্লী বিদ্যুৎ সমিতির অন্তর্ভুক্ত, তা নির্বাচন করুন।
  - ➢ 'পিবিএস অফিস' শীর্ষক ফিল্ডে, সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতির অন্তর্গত সকল পিবিএস অফিসের নাম ড্রপডাউনে দেখতে পাবেন। নির্দিষ্ট অফিসের নাম নির্বাচন করুন।




চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (পিবিএস তথ্য)

- পরবর্তী অংশে, আবেদনকারীর তথ্য প্রদান করুন।
  - ➢ আবেদনকারীর নাম লিখুন।
  - ➢ ক্যালেন্ডার আইকন ব্যবহার করে জন্ম তারিখ প্রদান করুন।
  - ➢ পিতার নাম লিখুন। মাতার নাম লিখুন।
  - ➢ স্বামী/স্ত্রীর নাম লিখুন (প্রযোজ্য ক্ষেত্রে)।


- ➢ ড্রপডাউন থেকে লিঙ্গ নির্বাচন করুন।
- ➢ **নিজের মোবাইল নম্বর** লিখুন।
- ➢ আইডির ধরণ নির্বাচন করুন ও সংশ্লিষ্ট আইডি নম্বরটি লিখুন লিখুন।
- ➢ সঠিক ই-মেইল ঠিকানা লিখুন (যদি থাকে)।
- ➢ ই-টিআইএন লিখুন (যদি থাকে)।
- ➢ কি ধরনের মিটারের জন্য আবেদন করছেন, তা ড্রুপ ডাউন থেকে নির্বাচন করুন।


আবেদনকারী

| | | | |
|---|---|---|---|
| আবেদনকারীর নাম | মো: জামাল হোসেন | আবেদনকারীর নাম (ইংরেজিতে) | Md. Jamal Hosen |
| জন্ম তারিখ | ১৬/১২/১৯৭৬ | পিতার নাম | মোহা: আফজাল হোসেন |
| মাতার নাম | মোছা: জামিলা খাতুন | স্বামী/স্ত্রীর নাম | মোছা: আসমা বেগম |
| লিঙ্গ | পুরুষ | মোবাইল নম্বর | ০১৮১৯৪৮৪৮২৪ |
| আইডির ধরণ | এন.আই.ডি. | এন.আই.ডি. | ৭৩১৮৫১৮৬৯৪ |
| ই-মেইল | jamal.hossain @ gmail.com | ই-টিআইএন | ইংরেজিতে লিখুন |
| মিটার (প্রি/পোস্ট-পেইড) | পোস্ট পেইড | | |

চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (আবেদনকারীর তথ্য)


- পরবর্তী অংশে, সংযোগ স্থলের ঠিকানা প্রদান করুন।
  - ➢ ড্রপডাউন থেকে প্রথমেই ‘জেলা’ নির্বাচন করুন।
  - ➢ নির্বাচিত জেলার সংশ্লিষ্ট ‘উপজেলা/থানার’ নাম সমূহ ‘উপজেলা/থানা’ শীর্ষক ড্রপডাউনে দেখতে পাবেন। সঠিক ‘উপজেলা/থানা’ নির্বাচন করুন।
  - ➢ একইভাবে, ‘ইউনিয়ন পরিষদ’, ‘পোষ্ট অফিস’ ও ‘গ্রাম/মৌজা’ নির্বাচন করুন।
  - ➢ ‘এলাকা নম্বর’ জানা থাকলে ড্রপডাউন থেকে নির্বাচন করুন।
  - ➢ ‘দাগ নম্বর’, ‘জমির মালিকানার ধরণ’ ও ‘জমির মালিকের নাম’ প্রদান করুন।


সংযোগ স্থলের ঠিকানা

| | | | |
|---|---|---|---|
| জেলা | যশোর - Jashore | উপজেলা/থানা | যশোর সদর |
| ইউনিয়ন পরিষদ | উপশহর | পোস্ট অফিস | যশোর উপশহর |
| গ্রাম/মৌজা | আফরা | এলাকা নম্বর | ১ |
| দাগ নম্বর | ২১২ | জমির মালিকানার ধরণ | নিজস্ব |
| জমির মালিকের নাম | মোহাঃ জামাল হোসেন | | |


চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (সংযোগ স্থলের ঠিকানা তথ্য)

- পরবর্তী অংশে, উপরোক্ত বর্ণনা অনুযায়ী ‘যোগাযোগের ঠিকানা’ ও ‘স্থায়ী ঠিকানা’ প্রদান করুন। এছাড়াও, সংযোগ স্থলের ঠিকানাই যদি 'যোগাযোগের ঠিকানা' ও 'স্থায়ী ঠিকানা' হয়, সেক্ষেত্রে ‘সংযোগ স্থলের ঠিকানাকে যোগাযোগের/স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করুন’ চেক বক্সে সিলেক্ট করুন।





চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (যোগাযোগের ঠিকানা ও স্থায়ী ঠিকানা তথ্য)

- পরবর্তী অংশে, সংযোগ সংক্রান্ত তথ্য প্রদান করুন।
  - ➢ ড্রপডাউন থেকে প্রথমেই ‘ট্যারিফ ক্যাটাগরি’ নির্বাচন করুন।
  - ➢ সংশ্লিষ্ট ট্যারিফ সমূহ ‘ট্যারিফ’ ড্রপডাউনে দেখতে পাবেন। ড্রপডাউন থেকে ‘ট্যারিফ’ নির্বাচন করুন।
  - ➢ ‘ফেইজ’ ও ‘ভোল্ট’ নির্বাচন করুন।
  - ➢ ‘আবেদনকৃত লোড’ লিখুন এবং ড্রপডাউন থেকে ‘লোড ইউনিট’ নির্বাচন করুন।





চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (সংযোগের তথ্য)

- এর পরবর্তী অংশে, সংযুক্ত লোডের বর্ণনা প্রদান করুন। এজন্য সংযোগ স্থলে ব্যবহৃত ইলেকট্রনিক সরঞ্জামের নাম ও সংখ্যা প্রদান করতে হবে।
  - ➢ প্রথমে [+ নতুন ইলেকট্রিক আইটেম] বাটনে ক্লিক করুন। ফলে একটি পপআপ পেইজ দেখতে পাবেন।
  - ➢ ড্রপডাউন থেকে আইটেমের নাম নির্বাচন করুন। সংশ্লিষ্ট আইটেমের লোড স্বয়ংক্রিয়ভাবে ‘লোড/আইটেম (ওয়াট)’ ফিল্ডে চলে আসবে।
  - ➢ কাঙ্খিত আইটেমটি ড্রপডাউন তালিকায় না থাকলে, আইটেমটির নাম লিখে 'এন্টার' বাটন চাপুন। এরপর 'লোড/আইটেম' এর ওয়াট লিখুন।
  - ➢ সংশ্লিষ্ট আইটেম কতটি ব্যবহার করা হবে, সে সংখ্যা উল্লেখ করুন। ফলে ‘মোট লোড (ওয়াট)’ এর হিসাব দেখতে পাবেন।





চিত্রঃ ইলেকট্রিক আইটেম সংযোজন

- ➢ অতঃপর [সেভ] বাটনে ক্লিক করুন। ফলে এই তথ্য 'ইলেকট্রিক আইটেম' এর তালিকায় যুক্ত হবে।
- ➢ একইভাবে সকল ইলেকট্রিক আইটেম তালিকায় যুক্ত করুন। তালিকা অনুযায়ী ডিমান্ড লোড (কিঃওঃ) স্বয়ংক্রিয়ভাবে হিসাব হবে।





চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (সংযুক্ত লোডের বর্ণনা)

- এর পরবর্তী অংশে, ভৌগলিক তথ্য প্রদান করুন।
  - ➢ প্রথমেই কিছু শর্ত প্রদান করা আছে। এগুলো মনোযোগ সহকারে দেখুন।
  - ➢ বিদ্যুৎ পোল থেকে সংযোগের দূরত্ব কত ফুট, তা 'সার্ভিস ড্রপ (ফুট)' শীর্ষক ফিল্ডে লিখুন।
  - ➢ আপনার পার্শ্ববর্তী গ্রাহকের বই নম্বর (শেষের ৩ সংখ্যা) ও হিসাব নম্বর (শেষের ৪ সংখ্যা) প্রদান করুন।
  - ➢ বই নম্বর ও হিসাব নম্বর সঠিক হলে স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের নাম দেখতে পাবেন।





চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (ভৌগলিক তথ্য)

- পরবর্তী 'সংযুক্তি' অংশে, আবেদনকারীর ছবি, জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্ম সনদের স্ক্যান কপি/ ও অন্যান্য অত্যাবশ্যক সংযুক্তি প্রদান করুন। এ জন্য [ফাইল নির্বাচন] বাটনে ক্লিক করুন এবং সংযুক্তি প্রদান করুন।





চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (সংযুক্তির তথ্য)

- তথ্য সংযুক্তির অংশে সংযুক্তি কলামে বাটনে ক্লিক করে আবশ্যক সংযুক্তিগুলো যুক্ত করুন। অতঃপর সেভ বাটনে ক্লিক করুন।





- শেষ অংশে, পল্লী বিদ্যুৎ সমিতির শর্তাবলী পড়ে তা মেনে চলার অঙ্গিকার করার জন্য চেকবক্সটি সিলেক্ট করুন।
- নিচে একটি ক্যাপচা রয়েছে। যে সংখ্যাটি দেখতে পাচ্ছেন, তা নিচের খালি বক্সে লিখুন। সংখ্যাটি মিলে গেলে 'সংরক্ষণ করুন (ড্রাফট)' বাটনটি দেখতে পাবেন।




চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন পেইজ (পিবিএস এর শর্তাবলী)

- অতঃপর [সংরক্ষন করুন (ড্রাফট)] বাটনে ক্লিক করুন। পরবর্তীতে একটি নিশ্চিতকরণ বার্তা দেখতে পাবেন এবং পাশাপাশি মোবাইল ফোনে এস.এম.এস ও ই-মেইলে বার্তা পাবেন।





চিত্র : নতুন সংযোগের জন্য আবেদন নিশ্চিতকরণ

## ধাপ-২: ওয়্যারিংয়ের তথ্য ও গ্রাউন্ডিং রড মেমো'র তথ্য প্রদান


১. 'ইউজার আইডি' ও 'পাসওয়ার্ড' ব্যবহার করে ড্যাশবোর্ডে লগইন করুন।

- এবার আবেদনের তালিকা থেকে সম্পাদনা [সম্পাদনা] বাটনে ক্লিক করুন।
- আবেদনের '**ওয়্যারিংয়ের তথ্য**' অংশে 'ওয়্যারিং সম্পন্ন হয়েছি কি না', 'গ্রাউন্ডিং রড মেমো নম্বর', 'মেমো সংযুক্তি' ও 'লোকেশন মন্তব্য' প্রদান করুন।




চিত্র : নতুন সংযোগের আবেদন (ওয়্যারিংয়ের তথ্য)


- সবশেষে [সাবমিট] বাটনে ক্লিক করুন। ফলে সম্পূর্ণ আবেদনটি সফলভাবে সাবমিট হবে।




চিত্র : নিশ্চিতকরণ বার্তা


## ধাপ-৩: আবেদন ফি প্রদান

১. আবেদন ফি'র রশিদ পেতে পোর্টালের উপরের ডানপাশের **লগইন** শীর্ষক বাটনে ক্লিক করে 'ইউজার আইডি' ও 'পাসওয়ার্ড' প্রদান করুন। অতঃপর **লগইন করুন** শীর্ষক বাটনে ক্লিক করে ড্যাশবোর্ডে লগইন করুন।





চিত্র : ড্যাশবোর্ড লগইন

- সফলভাবে লগইন করলে আপনি আপনার ড্যাশবোর্ডটি দেখতে পাবেন। এখানে আপনার আবেদন সমূহ তালিকায় প্রদর্শিত হবে।




চিত্র : আবেদনকারীর ড্যাশবোর্ড

- এবার আবেদনের তালিকা থেকে সম্পাদনা বাটনে ক্লিক করুন।
- আবেদনের উপরে ও শেষ অংশে **আবেদন ফি রশিদ** শীর্ষক একটি নতুন বাটন পাবেন। বাটনে ক্লিক করলে নিম্নের মতো আবেদন ফি'র রশিদ দেখতে পাবেন।



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

বিআরবি ফর্ম নং -০৫

সদর দপ্তর

অর্থ গ্রহণের রশিদ

বিল নম্বর: ০১০০১২১০৫০০১২

জনাব/বেগম মোহাঃ জামাল হোসেন -এর নিকট হইতে টাকা (কথায়) এক শত পনের, আবেদন ফি উদ্দেশ্যে গ্রহণ করা হইল।

টাকা (অংকে) ১১৫.০০

হিসাব নং

নগদ ☐ চেক ☐ নং ______ পে-অর্ডার ☐ নং ______

ধন্যবাদান্তে

স্বাক্ষর ____________

ক্যাশিয়ার

বিতরণঃ (১) অর্থ প্রদানকারী (২) হিসাব বিভাগ (৩) ক্যাশিয়ার (বইতে থাকিবে)


চিত্র : আবেদন ফি রশিদ

- বিল নম্বর ব্যবহার করে পিবিএস ক্যাশ কাউন্টারের মাধ্যমে আবেদন ফি প্রদান করুন।

## ধাপ-৪: ডিমান্ড নোট ফি প্রদান


১. আবেদনটি পিবিএস কর্তৃক অনুমোদিত হলে আপনার ইউজার ড্যাশবোর্ডে সিস্টেম তৈরিকৃত ডিমান্ড নোট প্রেরণ করা হবে। পাশাপাশি মোবাইল ফোনে এস.এম.এস ও ই-মেইলে বার্তা প্রেরণ করা হবে।

- ডিমান্ড নোট ফি'র রশিদ পেতে 'ইউজার আইডি' ও 'পাসওয়ার্ড' দিয়ে ড্যাশবোর্ডে লগইন করুন।





চিত্র : ড্যাশবোর্ড লগইন

- সফলভাবে লগইন করলে আপনি আপনার ড্যাশবোর্ডটি দেখতে পাবেন। এখানে আপনার আবেদন সমূহ তালিকায় প্রদর্শিত হবে।




চিত্র : ডিমান্ড নোট প্রেরণের পর ড্যাশবোর্ড

- এবার আবেদনের তালিকা থেকে সম্পাদনা বাটনে ক্লিক করুন।
- আবেদনের উপরে ও শেষ অংশে "ডিমান্ড নোট" শীর্ষক একটি নতুন বাটন পাবেন। বাটনে ক্লিক করলে নিম্নের মতো ডিমান্ড নোট ফি'র রশিদ দেখতে পাবেন।



**গ্রাহক ডিমান্ড নোট**

| | | | |
|---|---|---|---|
| **পিবিএস** | : যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | **পিবিএস অফিস** | : সদর দপ্তর |
| **বিল নম্বর** | : ০১০০১২১০৫০০১৩ | **হিসাব/ট্র্যাকিং নম্বর** | : ০১০০১২১০০০৬৭ |
| **গ্রাহক/আবেদনকারীর নাম** | : মোহাঃ জামাল হোসেন | **মিটার নম্বর** | : প্রযোজ্য নহে |
| **পিতার নাম** | : মোহাঃ আফজাল হোসেন | **ট্যারিফ** | : এলটি-এ |
| **মোবাইল** | : ০১৮১৯৪৮৪৮২৪ | **লোড (কি:ও:)** | : ২.০০ |

| # | চার্ট অফ একাউন্ট | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২০০.২০ - সদস্য ফি (সদস্য পদ দেয়া হয়নি) | ৫০.০০ | |
| ২ | ২২৫.১০ - গ্রাহক জামানত | ৮০০.০০ | |
| | মোট | ৮৫০.০০ | |

**মোট টাকার পরিমান (কথায়):** আট শত পঞ্চাশ টাকা মাত্র

বিল পরিশোধের নিরাপত্তার জন্য উপরোক্ত গৃহীত অর্থ বকেয়া বিল বা অন্য কোন পাওনা যা সময়মত পরিশোধ না হইলে উক্ত অর্থ সমন্বয় করা হবে। সংযোগ বিচ্ছিন্ন করার পর উপরোক্ত অর্থ হতে নিয়মানুযায়ী কর্তনযোগ্য পাওনা বাদ দেয়ার পর অবশিষ্ট অর্থ ফেরৎ দেওয়া হবে। যদি ডিপোজিটের অর্থ হতে বকেয়া ও অন্য পাওনা সম্পুর্নভাবে আদায় সম্ভব না হলে নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

রশিদটি হস্তান্তর যোগ্য নয় এবং যার নামে রশিদটি ইস্যুকৃত তাকে অথবা বৈধ প্রতিনিধিকে রশিদটি সমর্পন স্বাপেক্ষে টাকা ফেরত প্রদান করা হবে।

সদস্যের স্বাক্ষর ______________________ তারিখ ____________

**আদায়কারী**

স্বাক্ষর তারিখ

চিত্র : ডিমান্ড নোট

- বিল নম্বর ব্যবহার করে পিবিএস ক্যাশ কাউন্টারের মাধ্যমে ডিমান্ড নোট ফি প্রদান করে আবেদনের প্রক্রিয়াটি সম্পন্ন করুন।


[নোট: এই একই লগইন ব্যবহার করে আপনি আপনার নিজের জন্য একাধিক সংযোগের আবেদন করতে পারবেন।]

## আবেদন ট্র্যাকিং করার প্রক্রিয়া

আবেদন জমা দেয়ার পর থেকে আবেদনটির সর্বশেষ অবস্থা জানতে 'ইউজার আইডি' ও 'পাসওয়ার্ড' দিয়ে ড্যাশবোর্ডে লগইন করুন।

আবেদনকারী আবেদন অনুমোদনের নিম্নের বিভিন্ন পর্যায়ের সর্বশেষ অবস্থা **'অবস্থা কলামে'** জানতে পারবেন। পাশাপাশি মোবাইল ফোনে এস.এম.এস ও ই-মেইলে বার্তা পাবেন:

১. আবেদন ফি জমার অবস্থা
২. ওয়্যারিং পরিদর্শক নিযুক্তির অবস্থা
৩. ওয়্যারিং প্রতিবেদন রিপোর্ট জমার অবস্থা
৪. ডিমান্ড নোট প্রদানের অবস্থা
৫. ডিমান্ড নোট পরিশোধের অবস্থা
৬. সিএমও প্রদানের অবস্থা
৭. সিএমও কার্য সম্পাদনের অবস্থা




এই ব্যবহারকারী নির্দেশিকাটি দেখার বা সংরক্ষণ করার জন্য  লিংক-এ ক্লিক করলে নির্দেশিকাটি দেখতে এবং সংরক্ষণ করতে পারবেন।


------------------------------------------- সমাপ্ত -------------------------------------------